

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দেলদুয়ার, টাঙ্গাইল।

স্মারকনং : ৩১.৩০.৯৩২৩.০০০.০১.০৫৩.১৯-১৭২

তারিখ : ২৮ জুন ২০২০

পুন: নিলাম বিজ্ঞপ্তি-০২

এতদ্বারা টাঙ্গাইল জেলার জনসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল মহোদয়ের ২৮/০৪/২০১৯ খ্রি. তারিখের জেলা পানি উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটির সভার ৪ নং সিদ্ধান্ত মোতাবেক এবং উপ-বিভাগীয় প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ডের ০১/০৮/২০১৯ খ্রি. তারিখের পত্রের আলোকে এবং উপজেলা প্রকৌশলী (এলজিইডি), দেলদুয়ার এর প্রাক্কলন অনুসারে দেলদুয়ার উপজেলাধীন ধলেশ্বরী নদীর বাম তীরবর্তী গাছকুমুদী, বারপাখিয়া এবং বাবুপুর-লাউহাটা এফসিডি প্রকল্প এলাকায় তীর সংরক্ষণ কাজ শীর্ষক প্রকল্পের আওতায় দেলদুয়ার উপজেলায় বাস্তবায়নধীন ধলেশ্বরী নদী ড্রেজিং কাজে উত্তোলিত বালু (উত্তোলিত ড্রেজড ম্যাটেরিয়াল-১৬৩২৪৬৩৫.৭০ ঘনফুট এবং প্রতিঘনফুট বালুর মূল্য ১.২৫ টাকা মাত্র) আগামী ০৮/০৭/২০২০ খ্রি. তারিখ সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা পরিষদ মিলনায়তনে নিলাম ডাকে বিক্রয় করা হবে।

আগ্রহী ব্যক্তিগণকে প্রকাশ্য নিলাম ডাকে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

শর্তাবলি :

- ১। আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান জামানতবাবদ ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ টাকা মাত্র) টাকা জমা দিয়ে ডাকে অংশগ্রহণ করতে পারবেন।
- ২। সর্বোচ্চ ডাককারীকে ডাকের সমুদয় টাকা পরিশোধসহ উক্ত টাকার উপর অতিরিক্ত ১৫% ভ্যাট (কোড নং-১/১১৩৩/০০৩৫/০৩১১) এবং ৫% আয়কর (কোড নং-১/১১৪১/০১২০/০১১১) নিলাম ডাকের তারিখ হতে পরবর্তী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে জমাপূর্বক বালু নিজ খরচে অপসারণ করতে হবে। অন্যথায় জমাকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় প্রকাশ্যে নিলাম ডাকের কার্যক্রম গ্রহণ করা হবে।
- ৩। যদি সরকারি মূল্য হতে নিলাম ডাকের মূল্য কম হয় তাহলে কাঙ্ক্ষিত মূল্য না পাওয়া পর্যন্ত নিলাম ডাকের কার্যক্রম অব্যাহত থাকবে।
- ৪। এর পরেও যদি কাঙ্ক্ষিত মূল্য না পাওয়া যায় সেক্ষেত্রে সংশ্লিষ্ট কমিটির সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।
- ৫। দুই বা ততোধিক নিলাম ডাককারীর দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ৬। কোন কারণ ব্যতিরেকে কর্তৃপক্ষ নিলাম ডাক বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।


২৮ জুন ২০২০
মাহমুদা আক্তার

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা নিলাম ডাক কমিটি
দেলদুয়ার, টাঙ্গাইল।

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

- ১। মাননীয় সংসদ সদস্য, টাঙ্গাইল-০৬।
- ২। জেলা প্রশাসক, টাঙ্গাইল।
- ৩। নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, টাঙ্গাইল।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, দেলদুয়ার, টাঙ্গাইল।
- ৫। সিনিয়র জেলা তথ্য অফিসার, টাঙ্গাইল। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৬। উপজেলা অফিসার, দেলদুয়ার, টাঙ্গাইল।
- ৭। চেয়ারম্যান, (সকল) ইউনিয়ন পরিষদ, দেলদুয়ার, টাঙ্গাইল। তাঁকে তার ইউনিয়নে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ৮। ইউনিয়ন ভূমি সহকারী/উপ-সহকারী কর্মকর্তা, (সকল) ইউনিয়ন ভূমি অফিস, দেলদুয়ার, টাঙ্গাইল। তাঁকে তার ইউনিয়নে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ৯। নোটিশ বোর্ড।